



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

প্রশাসন-২ শাখা

www.plandiv.gov.bd



স্মারক নম্বর: ২০.০০.০০০০.৩০৩.৩২.২৭৯.১৫.১৫৭

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮

০৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: পরিকল্পনা কমিশনের অবসরপ্রাপ্ত সদস্য (সচিব) জনাব এ, এন, সামসুদ্দিন আজাদ চৌধুরী (৩৪৫৪) এর অবশিষ্ট ২০% আনুতোষিক মঞ্জুর সংক্রান্ত

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩০.৩২.৫০৭.১২-৫২৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে পরিকল্পনা কমিশনের অবসরপ্রাপ্ত সদস্য (সচিব) জনাব এ, এন, সামসুদ্দিন আজাদ চৌধুরী (৩৪৫৪)-কে ০৩.০৯.২০১৮ খ্রিঃ তারিখ সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয় এবং ০৪.০৯.২০১৮ হতে ০৩.০৯.২০১৯ তারিখ পর্যন্ত ০১(এক) বছর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হয়। পরিকল্পনা বিভাগের ২৯.১০.২০২৯ খ্রিঃ তারিখের ২০.০০.০০০০.৩০৩.৩২.২৭৯.১৫.১১৪১ সংখ্যক মঞ্জুরি আদেশ মোতাবেক তাঁর অনুকূলে ৮০% আনুতোষিক ৬৪,৫৮,৪০০/- টাকা হতে সরকারের পাওনা বাবদ ৪৬,৯৫৫/২৪ টাকা বাদে ৬৪,১১,৪৪৪/২৪ টাকা ও মাসিক অবসর ভাতা ৩৫,১০০/- টাকা মঞ্জুর করা হয়। তিনি অবশিষ্ট ২০% আনুতোষিকের জন্য আবেদন করেছেন।

২। সরকারি আবাসন পরিদপ্তরের ১৯.০৮.২০২১ খ্রিঃ তারিখের ২৫.৪৩.০০০০.৩১০.০৪.০০৮.২০-৩৪৩ নং পত্রের কর্মকর্তার অনুকূলে বাসা ভাড়া বাবদ ৮,৯৩,৫২৫/- টাকা পানি ও পয়ঃপ্রণালী বাবদ ২,৬২৫/-, গ্যাস বিল বাবদ ২০,৪২৫/- টাকাসহ সর্বমোট ৯,১৬,৬২৫/- (নয় লক্ষ ষোল হাজার ছয়শত পঁচিশ টাকা) বকেয়া রয়েছে। উক্ত টাকা আনুতোষিক হতে কর্তন পূর্বক কর্মকর্তার অনুকূলে চূড়ান্ত না-দাবী সনদ হিসেবে পত্রটি গণ্য করার অনুরোধ করা হয়েছে। কর্মকর্তার দাখিলকৃত অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় সরকারের আরও কোন পাওনা পরিলক্ষিত হয়নি। তবে, ভবিষ্যতে কোন সরকারি পাওনা আছে মর্মে প্রমাণিত হলে তা তিনি পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৩। আলোচ্য কর্মকর্তার নামে বরাদ্দকৃত সরকারি বাসা ভাড়া, অন্যান্য কর, গ্যাস বিল ও বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত সরকারি আবাসন পরিদপ্তরের পত্রের উল্লেখিত সরকারের সর্বমোট ৯,১৬,৬২৫/- টাকা পাওনা থাকায় অবশিষ্ট ২০% আনুতোষিক = ১৬,১৪,৬০০/- টাকা টাকা হতে সরকারের পাওনা বাদ দিয়ে (১৬,১৪,৬০০-৯,১৬,৬২৫) = ৬,৯৭,৯৭৫/- টাকা প্রদানের জন্য পেনশন ফরমের ৫ম পৃষ্ঠায় সচিব মহোদয় সদয় স্বাক্ষর করেছেন।

৪। বর্ণিতাবস্থায়, পরিকল্পনা কমিশনের অবসরপ্রাপ্ত সদস্য (সচিব) জনাব এ, এন, সামসুদ্দিন আজাদ চৌধুরী (৩৪৫৪) কর্তৃক দাখিলকৃত পেনশন আবেদন ফরমের ৫ম পৃষ্ঠায় সচিব মহোদয়ের সদয় স্বাক্ষরের পর (সংযুক্ত কাগজপত্রসহ পেনশন আবেদন ফরম (দুই প্রস্থ) পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১। ০২ প্রস্থ আবেদন ফরম ও অন্যান্য কাগজ।

৬-৯-২০২১

মোঃ আবু সাঈদ

উপসচিব

সিনিয়র সচিবজনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি  
আকর্ষণ: উপসচিব, প্রশাসন-৫]

ফোন: ৯১১৮০৫৪


ইমেইল: ds.admin2@plandiv.gov.bd

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৩০৩.৩২.২৭৯.১৫.১৫৭/১

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮  
০৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব এ, এন, সামসুদ্দিন আজাদ চৌধুরী (৩৪৫৪), অবসরপ্রাপ্ত সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রশাসন অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ
- ৫) বাজেট অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পরিকল্পনা বিভাগ
- ৬) অফিস কপি/ব্যক্তিগত নথি।



৬-৯-২০২১

মোঃ আবু সাঈদ  
উপসচিব